

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 04.11.2024**

**Time: 7.50 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আরজি করে কাণ্ডে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জশিট পেশের ২৮ দিনের মাথায় আজ চার্জ গঠন প্রক্রিয়া শেষ হয়েছে। সঞ্জয় অবশ্য নিজেকে নিরপরাধ বলে দাবি করেছে।
- ২) সুপ্রিম কোর্টে আগামীকাল আর জি কর মামলার শুনানি। তার আগে ন্যায় বিচার সুনিশ্চিত করার দাবিতে ৮০টিরও বেশি সংগঠনের যৌথ ‘অভয়া মঞ্চ’ আজ কলকাতায় দ্রোহের আলো কর্মসূচি নিয়েছে।
- ৩) উত্তর ২৪ পরগনার গাইঘাটায় আজ নির্যাতিতার বাড়িতে যান ‘পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা কমিশন’-এর চেয়ারপার্সন।  
এদিকে, ফালাকাটায় ৬ বছরের বালিকাকে ধর্ষণের ঘটনা খতিয়ে দেখতে ফরেনসিক দল আজ সেখানে নমুনা সংগ্রহ করেছে।
- ৪) রাজ্যে পর পর ঘটে চলা গণধর্ষণ ও হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ রাজ্যপাল, বিজেপি রাজ্য সভাপতি এবং প্রদেশ কংগ্রেস সভাপতির।
- ৫) প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক কুমার ঘটকের আজ শততম জন্মদিন।
- ৬) অনূর্ধ্ব ১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটে মুন্সাই ও গুজরাটের জন্য বাংলা দল আজ ঘোষণা করা হয়েছে।

-----

আরজি করে কাণ্ডে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়ের বিরুদ্ধে চার্জ গঠনের প্রক্রিয়া শেষ হয়েছে। ঘটনার ৮৭ দিন এবং সিবিআইয়ের চার্জশিট পেশের ২৮ দিনের মাথায় ওই মামলায় চার্জ গঠন শেষ হল। আগামী সপ্তাহেই ওই মামলার বিচারপ্রক্রিয়া শুরু হতে চলেছে। আগামী ১১ নভেম্বর থেকে রোজ ওই মামলায় শুনানি হবে বলে আদালত জানিয়েছে। সিবিআইয়ের আইনজীবী অবশ্য বলেছেন, প্রাথমিক চার্জশিটের ভিত্তিতে আপাতত বিচারপ্রক্রিয়া শুরু হচ্ছে। এখনও পর্যন্ত একজনের নামেই চার্জশিট গঠন হয়েছে। বাকিদের বিরুদ্ধে ষড়যন্ত্র এবং প্ররোচনার অভিযোগের ভিত্তিতে এখনও তদন্ত চলছে।

আজ দুপুরেই নিশ্চিত নিরাপত্তায় অভিযুক্ত সঞ্জয়কে প্রেসিডেন্সি সংশোধনাগার থেকে শিয়ালদহ আদালতে নিয়ে যাওয়া হয়। নিজেকে নির্দোষ বলে দাবি করে ঐ সিভিক ভলেন্টিয়ার আদালত থেকে বেরনোর সময় তাকে ফাঁসানো হচ্ছে বলেও অভিযোগ করেন।

এদিকে আর জি করের খুন ও ধর্ষণের ঘটনায় ধৃত ঐ হাসপাতালের প্রাক্তন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার প্রাক্তন ওসি অভিজিত মন্ডলকে আজ আদালতে তোলা হয়। তাদের ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়েছে।

-----

এদিকে, সুপ্রিম কোর্টে আগামীকাল আরজি কর মামলার শুনানি। তার আগে আজ আরজি কর-কাণ্ডে নির্যাতিতার ন্যায়বিচার নিশ্চিত করার দাবিতে ৮০টিরও বেশি সংগঠনের যৌথ ‘অভয়া মঞ্চ’ আজ কলকাতায় দ্রোহের আলো কর্মসূচি নিয়েছে। কলকাতার মৌলালি, এইট বি সহ বেশ কয়েকটি জায়গায় মোমবাতি মিছিল গান, কবিতা, বক্তৃতার মধ্যে দিয়ে আরজিকর কাণ্ডের ন্যায়বিচার দাবি করা হয়।

৮৭ দিন পরেও নির্যাতিতার বিচার না মেলায় সিটিজেনস ফর জাস্টিসের ব্যানারে মহিলারা আজ সিবিআই দপ্তর অভিযান করেন। সল্টলেকের করুণাময়ী থেকে সিজিও কমপ্লেক্স পর্যন্ত যায় ঐ মিছিল।

অন্যদিকে গাইঘাটার নির্যাতিতার ন্যায় বিচারের দাবিতে বনগাঁও নাগরিক সমাজ আজ উত্তর ২৪ পরগনার বনগাঁও নীলদর্পন প্রাঙ্গনে দ্রোহের আলো জ্বালাও কর্মসূচী পালন করে।

৯-ই নভেম্বর আর জি কর-এর নির্যাতিতার খুন ও ধর্ষণের তিন মাস পূর্তি উপলক্ষ্যে জুনিয়র ডক্টরস ফ্রন্টের পক্ষ থেকে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে। বিভিন্ন মেডিকেল কলেজে অভয়ার স্মৃতিতে ওই দিন দ্রোহের গ্যালারি প্রদর্শিত হবে। সেখানে এই আন্দোলনের বিভিন্ন মুহূর্তের ছবি, ও ভিডিও তুলে ধরা হবে। ৯-ই নভেম্বর আর জি কর হাসপাতালে রক্তদান শিবিরের আয়োজন করা হচ্ছে। কলেজ স্কোয়ার থেকে ধর্মতলা পর্যন্ত নাগরিক মিছিলের ডাক দেওয়া হয়েছে এবং রানী রাসমণি রোডে সমাবেশের ডাক দেওয়া হয়েছে।

-----

উত্তর ২৪ পরগনার গাইঘাটা থানার শিমুলপুরে আজ নির্যাতিতা নাবালিকার বাড়িতে যান ‘পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা কমিশন’-এর চেয়ারপার্সন অনন্যা চক্রবর্তী। ঘটনাস্থল ঘুরে দেখার পর তিনি বনগাঁ আদালতে গিয়ে মেয়েটি ও তার মায়ের সঙ্গে কথা বলেন। গোপন জবানবন্দী দেওয়ার জন্য ঐ নাবালিকা আজ আদালতে গিয়েছিল।

অন্যদিকে, ‘আক্রান্ত আমরা’ সংঠনের সদস্যরাও আজ শিমুলপুরে গিয়ে নির্যাতিতার প্রতিবেশীদের সঙ্গে কথা বলেন তাঁরা। এই ঘটনার জন্য মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিকে দায়ী করে তাঁর পদত্যাগ দাবী করেন সদস্যরা।

উল্লেখ্য, গত শুক্রবার সন্ধ্যায় টিউশন থেকে বাড়ি ফেরার পথে নাবালিকাকে তুলে নিয়ে গিয়ে প্রতিবেশী যুবক সুজিত ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর গত শনিবার দুপুরে ওই স্কুল ছাত্রী আত্মহত্যার চেষ্টা করলে ঘটনা প্রকাশ্যে আসে।

ধৃত সুজিত পাল ওরফে বাবুসোনাকে গতকাল বনগাঁ মহকুমা আদালতে তোলা হলে চার দিনের পুলিশ হেফাজতে পাঠানো হয়। অভিযুক্ত শিমুলপুর গ্রাম পঞ্চায়েতের প্রাক্তন উপপ্রধান, তৃণমূল কংগ্রেস নেত্রী পপি দেবের ভাইপো বলে খবর।

এদিকে, আলিপুরদুয়ারের ফালাকাটায় ৬ বছরের বালিকাকে ধর্ষণের ঘটনা খতিয়ে দেখতে ফরেনসিক দল আজ সেখানে যায়। তারা বিভিন্ন নমুনা সংগ্রহ করেছেন বলে জানা গেছে।

আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিগ্গাও ঘটনাস্থলে যান। তিনি এই ঘটনাকে অত্যন্ত নক্সারজনক হিসাবে অভিহিত করে বলেন, যেভাবে মেয়েটিকে ধর্ষণ ও খুন করা হয়েছে তা অকল্পনীয়। রাজ্য সরকার পরিকল্পনা মাফিক তথ্য প্রমাণ নষ্ট করতে চাইছে বলে দাবি করে তিনি বলেন, লোক দেখানোর জন্য ফরেন্সিক দল পাঠানো হয়েছে। তিনি দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তিরও দাবি জানান।

-----

ঘুমন্ত অবস্থায় গৃহবধূর শ্রীলতাহানির অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে পূর্ব বর্ধমানের গলসি থানার পুলিশ। অভিযুক্ত অনন্য বাগদিকে আজ বর্ধমান সিজিএম আদালতে পেশ করা হলে বিচার বিভাগীয় হেফাজতে পাঠিয়ে ৭ নভেম্বর ফের আদালতে পেশের নির্দেশ দেওয়া হয়।

পুলিস জানিয়েছে, গতকাল ভোররাতে মহিলা ঘরে ঘুমিয়েছিলেন। সেই সময় ঘরে এসে তার হাত ধরে টানাটানি করে অভিযুক্ত। মহিলা চিৎকার শুরু করায় অনন্য তার মুখ টিপে ধরে সঙ্গে যাওয়ার জন্য বলে, বিনিময়ে টাকা দেওয়ার প্রস্তাব দেয়। মহিলা অভিযুক্তকে লাথি মারলে সেখান থেকে পালিয়ে যায় সে। পরে স্বামীকে নিয়ে মহিলা অন্যত্র বাড়িতে গিয়ে পরিবারের লোকজনকে ঘটনার কথা জানান। কিন্তু তারা মহিলার বাড়িতে গিয়ে তাঁকে ও তাঁর স্বামীকে মারতে উদ্যত হয়। পরে মহিলা নিজেই ঘটনার কথা জানিয়ে থানায় অভিযোগ দায়ের করেন।

-----

পূর্ব বর্ধমানের মেমারিতে এক বৃদ্ধাকে ধর্ষণের চেষ্টার অভিযোগে দুই যুবককে গ্রেফতার করেছে পুলিশ। ধৃতদের আজ বর্ধমান আদালতে পেশ করা হলে পাঁচদিন পুলিশি হেফাজতের নির্দেশ দেওয়া হয়। ভাইফোঁটা দেওয়ার জন্য গতকাল বাপের বাড়ি যাচ্ছিলেন বছর ষাটের ওই মহিলাপথে দুই যুবক তাঁকে আটকায়। তারপর জোর করে একটি পুকুর পাড়ে নিয়ে গিয়ে তাকে ধর্ষণের চেষ্টা করে মহিলার চিৎকার শুনে এলাকার বাসিন্দারা ছুটে গিয়ে একজন যুবককে ধরে ফেলে। অন্য এক যুবক পালিয়ে যায়। মেমারি থানার পুলিশ পরে তল্লাশি চালিয়ে তাকে গ্রেফতার করে। ধৃত দুই যুবকের নাম সদানন্দ মালিক ও অর্ঘ্য খাড়া। আজই নির্যাতিতার মেডিকেল টেস্ট করা হয়।

-----

রাজ্যে পরপর ঘটে চলা গণধর্ষণ ও হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ করলেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। কলকাতা রাজভবনে আজ কার্গিল বিজয় উপলক্ষে আয়োজিত জয় জওয়ান দিবস অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, এই ধরনের অপরাধের পুনরাবৃত্তি রোধে সাধারণ মানুষের আরও সজাগ ও সচেতন হওয়া উচিত। পাশাপাশি তিনি এইসব ঘটনা রুখতে রাজ্য সরকারকে কঠোর পদক্ষেপ করার আহ্বান জানান।

এদিন এই অনুষ্ঠানে রাজ্যপাল কার্গিল যুদ্ধের ১৯ জন শহিদের পরিবারকে সম্বর্ধিত করেন। তিনি বলেন, "শহিদের ত্যাগের জন্য গোটা দেশ চিরকাল কৃতজ্ঞ থাকবে। রাজ্যপাল তাঁর ভাষণে ভারতীয় সেনাবাহিনীর প্রশংসা করে বলেন, দেশের ১৪০ কোটি নাগরিকের উচিত তাঁদের পাশে দাঁড়ানো। সেনাবাহিনী দেশবাসীর সুরক্ষায় যে দায়িত্ব পালন করছে, তা অনস্বীকার্য বলে তিনি মন্তব্য করেছেন।

-----

রাজ্যে একের পর এক ধর্ষণের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বিজেপি রাজ্য সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন, পশ্চিমবঙ্গ ধর্ষণের রাজধানী হয়ে উঠেছে। তিনি আজ পূর্ব বর্ধমানের কালনার পুরশ্রী হলে সংগঠনিক বৈঠক ও সদস্য সংগ্রহ অভিযান

কর্মশালায় যোগ দিয়ে সাংবাদিকদের মুখোমুখি হয়েছিলেন। অভয়ার ঘটনায় তৃণমূল কংগ্রেস সরকার কিছু বাঁচানোর জন্য সমস্ত তথ্য প্রমাণ লোপাট করেছে, দাবি করে সুকান্ত বাবু বলেন, যেভাবে এই প্রমাণ নষ্ট করা হয়েছে, তার ফলে ন্যায্যচার পাওয়ার সম্ভাবনা ক্ষীণ বললেই চলে।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীরও সমালোচনা করে বিজেপি রাজ্য সভাপতি বলেন, তিনি যেভাবে নিগৃহীতার পরিবারকে আর্থিক ও চাকরীর প্রলোভন দেখিয়ে বিষয়টি খামাচাপা দিতে চাইছেন, তাতে ধর্ষকরা আঙ্কারা পাচ্ছেন।

#### বাইট সুকান্ত

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকারও দাবি করেছেন, রাজ্য জুড়ে একের পর এক নারী নির্যাতন ও ধর্ষণের ঘটনা সামাজিক ব্যাধির আকার নিয়েছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে আজ এক সাংবাদিক বৈঠকে তিনি প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ তোলেন। রাজ্য সরকারও ও প্রশাসনকে তিনি অবিলম্বে সর্বদল ও সর্বস্তরের মানুষকে নিয়ে বৈঠক ডাকার আহ্বান জানান।

#### বাইট শুভঙ্কর

প্রবাদপ্রতিম চলচ্চিত্রকার ঋত্বিক কুমার ঘটকের আজ শততম জন্মদিন। তাঁর কাজ ও জীবন পরিব্যাপ্ত ছিল দুই বাংলায় সমানভাবে। যদিও তাঁর সমকালে বিষ্ণু দে, গুরুদাস ভট্টাচার্য এবং কতিপয় মানুষ ছাড়া বৃহত্তর চলচ্চিত্র সমাজে তিনি সমালোচিত হয়েছেন বেশি। ১৯৬০ এ মেঘে ঢাকা তারা, ৬১তে কোমল গান্ধার এবং ১৯৬৫ তে নির্মিত সুবর্ণরেখা এই ত্রয়ী তাকে চলচ্চিত্র মহলে এক বিশেষ মর্যাদায় প্রতিষ্ঠিত করে। এর মধ্যে ১৯৫৮য় তৈরি ছোটদের ছবি ‘বাড়ি থেকে পালিয়ে’ খুবই জনপ্রিয় হয়েছিল।

তিনি একাধারে ছিলেন নাট্যকার, কবি ও গল্প লেখক। সম্পাদনা করেছেন সাহিত্য পত্রিকা। স্পষ্ট রাজনৈতিক বক্তব্য ছিল তাঁর ছবির একটি অনন্য সাধারণ বৈশিষ্ট্য। তার তৈরি তথ্যচিত্র অমর লেনিন, ওস্তাদ আলাউদ্দিন, রামকিঙ্কর ও ছৌ প্রতিটিতেই তাঁর চলচ্চিত্র নির্মিতির অসামান্য স্বাক্ষর রয়ে গেছে।

জন্ম শতবার্ষিকী উদযাপন উপলক্ষে সরকারি তরফে এখনো তেমন তৎপরতা শুরু না হলেও ঋত্বিক মেমোরিয়াল ট্রাস্ট এবং আরো কিছু বেসরকারি উদ্যোগে আজ থেকে কলকাতায় শুরু হয়েছে প্রদর্শনী ও আলোচনা সভা। বেশ কয়েকটি গবেষণামূলক গ্রন্থও প্রকাশিত হবে এই সপ্তাহে।

তাঁর জন্ম শতবর্ষের সূচনায় আকাশবাণী সংবাদের একটি শ্রদ্ধার্থ্য।

#### ভয়েসকাস্ট

অনূর্ধ্ব ১৯ কোচবিহার ট্রফি ক্রিকেটে মুম্বাই ও গুজরাটের জন্য বাংলা দল আজ ঘোষণা করা হয়েছে। দলের নেতৃত্ব দেবে চন্দ্রহাস দাস। ইডেনে আগামী বুধবার মুম্বাইয়ের বিরুদ্ধে ম্যাচ শুরু হবে। মোতেরায় বাংলা ও গুজরাটের ম্যাচ শুরু হবে ১৩ ই নভেম্বর।

চলতি রঞ্জি ট্রফির পর বাংলার প্রাক্তন টেস্ট ক্রিকেটার ঋদ্ধিমান সাহা অবসর নিতে চলেছেন। সামাজিক মাধ্যমে নিজেই এই কথা জানিয়েছেন তিনি।

উল্লেখ্য, ঋদ্ধিমান ২হাজার ১০ থেকে ২১ সাল পর্যন্ত দেশের হয়ে ৪০ টি টেস্টে প্রতিনিধিত্ব করেছেন। খেলেছেন ৯ টি টি - টোয়েন্টি ম্যাচ। প্রথম প্রথম শ্রেনীর ক্রিকেটে তিনি ১৫ বছর বাংলার হয়ে খেলেছেন। মাত্র দু বছর তিনি ত্রিপুরাতেও খেলেছেন।

চলতি মরশুমে সৌরভ গাঙ্গুলীর সঙ্গে কথা বলার পর ঋদ্ধি আবার বাংলায় ফিরেছেন। তিনি বলেছেন বাংলার হয়ে শেষবারের মতো প্রতিনিধিত্ব করতে নেমে এবার উল্লেখযোগ্য অবদান রাখতে চাই।

-----